## দ্বিতীয় পত্র — ২০১৪
### পূর্ণমান—১০০

১। (ক) দলবৃত্ত বা শ্বাসাঘাত প্রধান ছন্দের বৈশিষ্ট্যগুলি আলোচনা করে এর স্বরূপ বুঝিয়ে দাও। ১০

*অথবা*, (খ) সংজ্ঞা ও উদাহরণসহ পরিচয় দাও (যে-কোনো *দুটি*) ঃ ৫×২

পদ, পর্ব, দল, যতি, চরণ।

২। যে-কোনো *দুটি* অংশের ছন্দোলিপি রচনা করো ঃ— ৫×২

[মাত্রা, পর্ব, পদ, লয়, রীতি উল্লেখ করতে হবে।]

(ক) যদি মহী ইচ্ছা করে ইন্দ্রের কুমার।
তবে আর শাপ দিবে কি দোষ তোমার।।

(খ) রাজা যাবেন বনবাসে
রাজ্য দেবেন কাকে?
দুই ছেলেই আর্জি জানায়
আমাকে আমাকে।
খোকন বলে আমিই বড়
রাজ্য আমার ন্যায্য,
ছোটন বলে ছোট আমি
তাই বলে কি ত্যাজ্য?

(গ) পৃথিবী হয়তো বেঁচে আছে,
পৃথিবী হয়তো গেছে মরে
আমাদের কথা কে-বা জানে
আমরা ফিরেছি দোরে দোরে।

(ঘ) সোজনের সাথে তার ভারি ভাব, পথে যদি দেখা হয়
যেন রাঙা ঘুড়ি আকাশে উড়াল হেন তার মনে লয়,
পিছন হইতে সোজন আসিয়া যদিবা হঠাৎ ডাকে
কুড়ায়ে পাইল পাকা আমটিরে দুলীর এমনি লাগে।

(ঙ) অনেক ঘুরেছি আমি, বিম্বিসার অশোকের ধূসর জগতে
সেখানে ছিলাম আমি। আরো দূর অন্ধকার বিদর্ভ নগরে
আমি ক্লান্ত প্রাণ এক, চারিদিকে জীবনের সমুদ্র সফেন
আমারে দুদণ্ড শান্তি দিয়েছিল নাটোরের বনলতা সেন।

৩। (ক) অনুপ্রাস কাকে বলে? এই অলংকারের বিভিন্ন প্রকারের নাম উল্লেখ ক'রে যে-কোনো *দুটি* প্রকার সম্বন্ধে বিস্তৃত আলোচনা করো। ৪+৩।৮

*অথবা,* (খ) যে-কোনো *তিনটি* অলংকার সম্বন্ধে সংজ্ঞা ও উদাহরণসহ আলোচনা করো ঃ ৫×৩

লুপ্তোপমা, অপহ্নুতি, ব্যাজস্তুতি, সমাসোক্তি, কাকুবক্রোক্তি।

৪। যে-কোনো *দুটি* অংশের অলংকার নির্ণয় করো ঃ ৫×২

(ক) মুরলী সরল হয়ে বাঁকার মুখেতে রয়ে
শিখিয়াছে বাঁকার স্বভাব।
দ্বিজ চণ্ডীদাসে কয় সঙ্গদোষে কিনা হয়।

(খ) ব্রজে যেজন মরে,
নবঘন শ্যাম শোভার তারিফ সে বংশে কে বা করে?

(গ) মধুহীন কোরো না গো তব মনঃ কোকনদে।

(ঘ) লঙ্কার পঙ্কজরবি গেলা অস্তাচলে।

(ঙ) বজ্রসেন কানে কানে কহিল শ্যামারে
ক্ষণিক শৃঙ্খলমুক্ত করিয়া আমারে
বাঁধিয়াছ অনন্ত শৃঙ্খলে।

৫। (ক) গৌরচন্দ্রকে লইয়া রচিত পদমাত্রই গৌরচন্দ্রিকা নহে। সত্যকার গৌরচন্দ্রিকার ক্ষেত্র বিশিষ্ট। — এই পর্যায়ের পাঠ্য পদগুলির সহায়তা নিয়ে কথাটির সত্যতা নির্ণয় করো। ১২

*অথবা,* (খ) 'মাথুর' পর্যায়টি সম্বন্ধে পাঠ্যপদ অবলম্বনে আলোচনা করে এই পর্যায়ের আধ্যাত্মিক তাৎপর্য বিশ্লেষণ করো। ১২

৬। (ক) দুহুঁ কোরে দুহুঁ কাঁদে বিচ্ছেদ ভাবিয়া
আধ তিল না দেখিলে যায় যে মরিয়া।

কার রচিত পদ? 'কোরে' শব্দটির অর্থ কী? অংশটির মর্মার্থ বুঝিয়ে দাও। ১+১+২

**অথবা,** (খ) কত চতুরানন মরি মরি যাওত
ন তুয়া আদি অবসানা।
তোহে জনমি পুন তোহে সমাওত
সাগর লহরী সমানা।।

কোন পর্যায়ের পদ? কার উদ্দেশে বলা হয়েছে? অংশটির অর্থ বিশ্লেষণ করো। ১+১+২

৭। (ক) "তাঁহার কাব্য হইতে কেবল যে সমকালীন সামাজিক অবস্থার প্রচুর উপকরণ সংগ্রহ করা যায় তাহা নহে, ইহাতে সমাজ জীবনের স্বচ্ছন্দ লীলায়িত

গতিচ্ছন্দ, ইহার বহির্ঘটনার অন্তরালশায়ী মর্মস্পন্দন চমৎকারভাবে ফুটিয়া উঠিয়াছে।' — কবিকঙ্কণ চণ্ডীর অন্তত দুটি অংশ অবলম্বনে আলোচনা করো। ১৪

*অথবা,* (খ) মুরারি শীল ও ভাঁড়ু দত্ত মধ্যযুগীয় বাংলা সমাজের এক নূতনস্তরের প্রতিনিধিরূপে আমাদের দৃষ্টি আকর্ষণ করে — মন্তব্যটির পর্যালোচনা প্রসঙ্গে এই দুটি চরিত্রচিত্রণে কবির নৈপুণ্য বিচার করো। ১৪

৮। (ক) দুঃখ কর অবধান দুঃখ কর অবধান

আমানি খাবার গর্ত্ত দেখ বিদ্যমান।

কার উক্তি? কোন্ অংশ থেকে নেওয়া? এর অর্থ বুঝিয়ে দাও। ১+১+২

**অথবা,** (খ) মনে মনে কালকেতু করেন যুকতি।

ধনঘড়া নিয়া পাছে, পালায় পার্বতী।।

কখন এবং কেন কালকেতু একথা ভেবেছিল? তখন পার্বতীর মনোভাব কেমন হয়েছিল? ১+২+১

৯। (ক) আগমনী-বিজয়ার গানই হউক অথবা ভক্তের আকুতি শীর্ষক পর্যায়ের পদই হউক, শাক্ত পদাবলীর সর্বত্র মাধুর্য ও ঐশ্বর্যভাবের একাত্মতা দৃষ্টিগোচর হয়। — অভিমতটি আলোচনা করো। ১২

*অথবা,* (খ) গৃহীসাধক কবি হিসাবে রামপ্রসাদ সেনের কৃতিত্ব বিচার করো। ১২

১০। (ক) খলের প্রধান যত কে আছে, তোমার মত

আপনি হইয়ে হত বধ রে পরেরি প্রাণ।

কার সম্বন্ধে বলা হচ্ছে? কোন্ পর্যায়ের পদ? অর্থ বুঝিয়ে দাও। ১+১+২

*অথবা,* (খ) কেবল আসার আশা, ভবে আসা, আসা মাত্র হলো,

যেমন চিত্রের পদ্মেতে পড়ে ভ্রমর ভুলে রলো।

কোন্ পর্যায়ের পদ? কার রচিত? অলংকারটির তাৎপর্য বুঝিয়ে দাও। ১+১+২

১১। নীচে দেওয়া মূল কপিটি দেখে প্রুফকপিটি সংশোধন করো। ৫

মূলকপি

তখন সামনের সেই কাল মূর্তিটা নাকী সুরে বললে — 'মহেশবাবু, আপনি নাকি ভূত মানেন না?'

এ অবস্থায় বুদ্ধিমান ব্যক্তি মাত্রেই বলে থাকেন — 'আজ্ঞে হাঁ, মানি বই কি।' কিন্তু মহেশ মিত্তির বেয়াড়া লোক, হঠাৎ তাঁর কেমন একটা খেয়াল হল, ধাঁ করে এগিয়ে গিয়ে কাঁধ খামচে ধরে জিজ্ঞাসা করলেন — 'কোন ক্লাস?'

ভূত থতমত খেয়ে জবাব দিলে — 'সেকেণ্ড ইয়ার সার'!

**প্রুফকপি**

তখন সা।৮নের সেই কালো মুর্তিটা নাকি সুর বলল মহেসবুবা আপনিনাকি ভুত মানেন না। এ অ বস্থায় বদ্ধিবান ব্যাক্তি মাত্রে বলে থাকন — আগে হ্যাঁ, মানি বৈকী কন্তু মহশ মিত্তর বেয়ারা লক, হটাৎ তাঁড় কেনম কটা খেয়াল হলো, কাঁধ খামছে ধড়ে জিজ্ঞাশা কলেন — কোন ক্লশ?

ভূত থতথত খেয় জবাব দিলে সেকণ্ড ইয়ার স্যর'

**অথবা, (শুধুমাত্র দৃষ্টিহীন পরীক্ষার্থীদের জন্য)**

নীচের যে-কোনো *পাঁচটি* বানান সংশোধন করো ঃ

নীরিহ, মুহুর্ত, পরিসেবা, ফটোগ্রাফী, জিবীকা, উচ্ছাস, আকাঙ্খা, অপরিস্কার অকর্মন্য, রসায়ণ, অপশারন।

## PART – II

## তৃতীয় পত্র — ২০১৪

## পূর্ণমান—১০০

১। (ক) ঐতিহাসিক উপন্যাসের সংজ্ঞা দাও। যে-কোনো একটি ঐতিহাসিক উপন্যাস বিশ্লেষণ করো। ২+১২

*অথবা,* (খ) যে-কোনো *দুটি* বিষয় সম্পর্কে আলোচনা কর ঃ ৭+৭

ছোটগল্প, মনস্তাত্ত্বিক উপন্যাস, চেতনাপ্রবাহরীতির উপন্যাস, রাজনৈতিক উপন্যাস।

২। (ক) 'চন্দ্রশেখর' উপন্যাসে অতিপ্রাকৃতের প্রয়োগ, চরিত্র ও ঘটনাবলীর তাৎপর্য উদ্‌ঘাটনে কতটা সহায়ক হয়েছে তা আলোচনা করো। ১৪

*অথবা,* (খ) প্রত.প অথবা চন্দ্রশেখর — কাকে তুমি 'চন্দ্রশেখর' উপন্যাসের নায়ক হিসাবে বেছে নেবে এবং কেন, তা যুক্তি সহকারে আলোচনা করো। ১৪

৩। (ক) "চন্দ্রশেখর প্রফুল্লচিত্তে দেখিলেন, তাঁহার গৃহসরোবরে চন্দ্রের আলোতে পদ্ম ফুটিয়াছে"— পদ্মটির পরিচয় কী? তার শোভার পরিচয় দাও। ১+৩

*অথবা,* (খ) "যাহাই মনে করুন, ঈশ্বর আমার বিচারকর্তা- আমি অন্য বিচার মানি না। না হয় মরিব ক্ষতি কি?" — বক্তা কে? কাকে উদ্দেশ করে বক্তা এই উক্তি করেন? কোন্ ঘটনার পরিপ্রেক্ষিতে বক্তা মৃত্যুর কথা ভেবেছেন? ১+১+২

৪। (ক) 'শ্রীকান্ত' (প্রথম পর্ব) কী ধরনের উপন্যাস? উপন্যাসটি অবলম্বনে যুক্তিসহ তোমার মতামত উপস্থাপিত করো। ১৪

*অথবা,* (খ) 'শ্রীকান্ত' (প্রথম পর্ব) উপন্যাস অনুসারে রাজলক্ষ্মীর চরিত্রটি বিশ্লেষণ করো। ১৪